



কৃষিবিদ মো: আহসানুল বাসার

অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা

কৃষিবিদ মো: আহসানুল বাসার, অতিরিক্ত পরিচালক, বিসিএস (কৃষি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা আঞ্চলিক কার্যালয়ের প্রধান হিসেবে ২৪ ডিসেম্বর ২০২৩খ্রিঃ তারিখে যোগদান করেন। ঢাকা আঞ্চলিক কার্যালয়ে যোগদানের পূর্বে তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল জেলার উপপরিচালক হিসেবে সফল তার সাথে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন পদে সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ মো: আহসানুল বাসার ২০মে ১৯৬৭খ্রিঃ তারিখে চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার থানা রোডে মুক্তিপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা চুয়াডাঙ্গা জেলার বিশিষ্ট ব্যবসায়ী মরহুম আব্দুল জলিল মিয়া এবং মাতা মরহুম মোছাঃ উমরাতুন নেছা।

কৃষিবিদ মো: আহসানুল বাসার চুয়াডাঙ্গা ভি.জে. সরকারী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গা হতে এসএসসি এবং চুয়াডাঙ্গা সরকারি কলেজ হতে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং উভয় পরীক্ষায় কৃতিত্বের সাথে প্রথম বিভাগে উত্তীর্ণ হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কৃতিত্বের সাথে কৃষি বিভাগে স্নাতক এবং উদ্যানতত্ত্বের উপর মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

তিনি ভারতে কৃষির উপর উন্নত প্রশিক্ষণ এবং ভিয়েতনামে কৃষি বিষয়ক কর্মশালা ও শিক্ষাসফরে অংশগ্রহণ করেন।

কৃষিবিদ মো: আহসানুল বাসার বিসিএস (কৃষি) ত্রয়োদশ ব্যাচের একজন কর্মকর্তা। ২৫ এপ্রিল ১৯৯৪ সালে তিনি সাবজেক্ট ম্যাটার অফিসার হিসেবে উপজেলা কৃষি অফিস, বারহাটা, নেত্রকোনায় কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি ময়মনসিংহ জেলার উপজেলা কৃষি অফিস, মুক্তাগাছা, ধোবাউড়া এবং ফুলবাড়ীয়া উপজেলায় উপজেলা কৃষি অফিসারের দায়িত্ব পালন করেন। তিনি জেলা বীজ প্রত্যয়ন অফিসার, ময়মনসিংহ হিসেবে উনার উপর অর্পিত দায়িত্ব পালন করেন। অতপর: তিনি প্রেষণে সমন্বিত থামার ব্যবস্থাপনা কম্পোনেন্ট (আইএফএমসি) ময়মনসিংহ অঞ্চলে আঞ্চলিক আইএফএমসি কো-অর্ডিনেটর হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা ও ঢাকা জেলায় সুনামের সাথে জেলা প্রশিক্ষণ অফিসারের দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ মো: আহসানুল বাসার একজন মেধাবী, চৌকস, সৎ এবং দক্ষ কৃষিবিদ হিসেবে দাপ্তরিকভাবে খ্যাতি অর্জন করেছেন। বর্তমান সরকারের ‘স্মার্টকৃষি’ বাস্তবায়নের মধ্য দিয়ে ২০৪১ সালের সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে তিনি দৃঢ় সংকল্পবদ্ধ।

কৃষিবিদ মো: আহসানুল বাসার ব্যক্তিগত জীবনে বিবাহিত এবং উনার স্ত্রী জাকীয়া সুলতানা ময়মনসিংহ জেলা সমবায় কার্যালয়ে সহকারী নিবন্ধক (প্রশাসন) হিসেবে কর্মরত আছেন।